দৈনিক খবর
65
তারিখ 27 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 7

# অফিসের নতুন সময়সূচী জুলাইর প্রথম সপ্তাহ থেকে

।।খবররিপোর্ট।।

জুলাই মাসের প্রথম সপ্তাহ হতে সরকারী ও আধা-সরকারী অফিস ও প্রতিষ্ঠানসমূহের সময়সূচী পাল্টে যাচ্ছে।

৭-এর পাতায় দেখুন

ঢাকা ২৭শে জুন, ১৯৮৯

# অফিসের নতুন সময়সূচী

প্রথম পৃষ্ঠার পর

এ সকল অফিস সকাল নয়টা থেকে শুরু হয়ে বিকেল চারটা পর্যন্ত চলবে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে।

বর্তমানে সরকারী ও আধা-সরকারী অফিস এবং প্রতিষ্ঠানের সময়সূচী সকাল সাড়ে সাতটা থেকে বেলা দুটো পর্যন্ত নির্দিষ্ট। নতুন সময়সূচী অনুযায়ী কর্মচারীরা দুপুরে আধঘন্টা বিরতি ভোগ করবেন।

অফিসের সময়সূচী পরিবর্তনের কথা বিশ্বস্ত সূত্রে জানতে পেরে আমরা অভিজ্ঞ মহলের মধ্যে এ মতামত যাচাই জরীপ চালাই এতে দেখা গেছে যে নতুন সময়সূচী প্রবর্তনের উদ্যোগকে সরকারের পক্ষ থেকে শুভ পদক্ষেপ বলে তারা অভিহিত করেন। তাঁরা মনে করেন যে, অফিসের বর্তমান সময়সূচীতে অফিসের কাজকর্মে তেমন উল্লেখযোগ্য উন্নতি পরিলক্ষিত হয়নি। বস্তুতঃ সকাল সাড়ে সাতটায় অফিস শুরু হওয়ার সময় নির্দিষ্ট থাকলেও অধিকাংশ ক্ষেত্রেই সে নির্দেশ যথাযথ প্রতিপালিত হয় না। এমনকি সাড়ে নয়টা পর্যন্ত হাজিরাও তেমনটি দেখা যায় না। যাতায়াতের অসুবিধা ও অন্যবিধ কারণকে এই অবস্থার জন্য দায়ী বলে মনে করা হয়।

আবার দুপুর বারোটার পর নামাজ আদায় করবার জন্য অনেক কর্মচারী দপ্তর ত্যাগ করেন। কিছু কিছু কর্মচারী অবশ্য নানা অজুহাতে বেলা একটার মধ্যে অফিস ত্যাগ করেন।

ব্যাংক, বীমা এবং অন্যান্য বেসরকারী অফিস ও প্রতিষ্ঠানসমূহের অফিস সময়সূচী সকাল নয়টা থেকে সাড়ে চারটা পর্যন্ত বলে সরকারী ও আধা-সরকারী অফিসের সাথে সমন্বয়ের কাজ দারুণভাবে ব্যাহত হয় বলে অভিজ্ঞমহল মত প্রকাশ করেন।

তদুপরি বিদেশের অফিসগুলো অপরাহ্নে পরও দীর্ঘকাল চলে। অফিসের বর্তমান সময়সূচীর ফলে বিদেশের অফিসগুলোর সাথে সমন্বয়ের কাজ দুপুরের পর আর সম্ভব হয়ে ওঠে না।

নতুন সময়সূচী প্রবর্তন করা হলে সকল তরফের কর্মচারীই উপকৃত হবেন এবং অফিসে যথাসময়ে কর্মচারী হাজিরারও উন্নতি হবে বলে অভিজ্ঞ মহলের ধারণা।